

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 24 April, 2025

চট্টগ্রাম নগরীর বায়েজিদে পুলিশের ওপর গুলি ছুঁড়ে পালানোর ঘটনায় হওয়া মামলায় ‘সন্ত্রাসী’ সাজ্জাদের পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক এস এম আলাউদ্দিন মাহমুদ শুনানি শেষে এ আদেশ দেন।

বিষয়টি নিশ্চিত করেছেন নগর পুলিশের অতিরিক্ত উপ-কমিশনার (প্রসিকিউশান) মফিজ উদ্দিন।

তিনি বলেন, পুলিশকে লক্ষ্য করে গুলি ছুঁড়ে পালানোর ঘটনায় বায়েজিদ বোস্তামি থানায় হওয়া মামলায় সাজ্জাদের ৭ দিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা। শুনানি শেষে আদালত ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন।

ছোট সাজ্জাদ বায়েজিদ বোস্তামি থানার হাটহাজারীর শিকারপুরের মো. জামালের ছেলে। তার বিরুদ্ধে হত্যা, অস্ত্র, চাঁদাবাজির ১৫টিরও বেশি মামলা রয়েছে।

গত বছরের ৪ ডিসেম্বর নগরের অক্সিজেন এলাকায় সাজ্জাদকে ধরতে অভিযানে যায় বায়েজিদ বোস্তামি থানা পুলিশ। ওই সময় গুলি ছুঁড়তে ছুঁড়তে পালিয়ে যান তিনি। এতে পুলিশসহ পাঁচজন আহত হন। পরে একই থানার ওসিকে ফেসবুক লাইভে এসে পেটানোর হুমকি দেন তিনি। এরপর চলতি বছরের ২৯ জানুয়ারি তাকে ধরিয়ে দিতে পুরস্কার ঘোষণা করেন নগর পুলিশ কমিশনার হাসিব আজিজ।

গত ১৫ মার্চ দিবাগত রাতে রাজধানীর বসুন্ধরা সিটি থেকে সাজ্জাদকে পুলিশে দেওয়া হয়। এরপর ২৯ মার্চ দিবাগত রাত সোয়া ২টার দিকে বাকলিয়া থানার এক্সেস রোড এলাকায় প্রাইভেটকারে দুর্বৃত্তের গুলিতে দুজন নিহত হয়।

এ ঘটনায় ১ এপ্রিল বাকলিয়া থানায় নিহত মোহাম্মদ মানিকের মা ফিরোজা বেগম বাদী হয়ে সাজ্জাদ ও তার স্ত্রী শারমিনসহ পাঁচজনের নাম উল্লেখ করে একটি হত্যা মামলা দায়ের করেন। ওই মামলায় সবশেষ গত ১৩ এপ্রিল আদালত তার ৭ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

রিমান্ড সন্ত্রাসী ছোট সাজ্জাদ

URL: <https://timestodaybd.com/chittagong/1816671393>